

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট

সাভার, ঢাকা।

নং-বিএলআরআই/ইনোভেশন/২০১৭/ ৯১১

তারিখঃ ০১-০৪-২০১৭ খ্রি.

গত ৩০/০৩/২০১৭ খ্রি. তারিখ অনুষ্ঠিত বিএলআরআই ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

গত ৩০ মার্চ, ২০১৭ খ্রি. তারিখ সকাল ১২:০০ ঘটিকায় ইনোভেশন অফিসার ড. নাসরিন সুলতানা এর সভাপতিত্বে বিএলআরআই ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা নিম্নরূপ।

ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১।	জনাব মোঃ লুৎফুল হক, ইনোভেশন সদস্য	সিস্টেম এনালিস্ট	স্বাক্ষরিত
০২।	ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৩।	ড. মোঃ ছাদেক আহমেদ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৪।	ড. মোঃ আব্দুস সামাদ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিএলআরআই এর ২০১৭ সালের ইনোভেশন পরিকল্পনা এবং তদনুযায়ী ইনোভেশন কার্যক্রম এবং পূর্ববর্তী সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়।

সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন সদস্য জনাব মোহাম্মদ লুৎফুল হক সভাকে ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি অবহিত করেন। তিনি সভাকে জানান যে, বিএলআরআই এর প্রধান কার্যালয়সহ বাঘাবাড়ি ও নাইক্ষ্যংছড়ি আঞ্চলিক কেন্দ্রের সম্মুখে সেবাসহায়ক ডিজিটাল ডিসপ্লে মনিটর স্থাপনের জন্য কোটেশন প্রস্তুত করা হয়েছে, নির্ধারিত সময়ের মধ্যেই কার্যক্রমটি সম্পন্ন করা যাবে। তিনি আরও জানান যে, কর্মকর্তা-কর্মচারীদের বেতন ভাতা ও সিপিএফ হিসাব সহজীকরণের জন্য ওয়েব বেইজড কাষ্টমাইজড সফটওয়্যার তৈরির জন্য কোটেশন প্রস্তুত করে ক্রয় শাখায় জমাদান করা হয়েছে। ইনস্টিটিউটের বিভিন্ন সভা আহ্বান বা কর্মচারীদের তাত্ক্ষনিক বার্তা/নোটিশ প্রেরণের জন্য ওয়েব বেজড এসএমএস প্রেরণ সফটওয়্যার এখন টেস্টিং পর্যায়ে রয়েছে। সভায় উপস্থিত অন্য সদস্যরাও অবহিত করেন যে তারা বিভিন্ন সময়ে টেস্ট এসএমএস পেয়েছেন। অনলাইনে খামারি/উদ্যোক্তাদের প্রযুক্তি প্রশিক্ষণের আবেদন সহজীকরণ এবং প্রশিক্ষণপ্রাপ্ত খামারি/উদ্যোক্তাগণের ডাটাবেইজ তৈরীর এপ্লিকেশন সফটওয়্যার তৈরি করার কর্ম পরিকল্পনাটি বাস্তবায়ন করা হয়েছে।


ইনোভেশন অফিসার ড. নাসরিন সুলতানা সভাকে অবহিত করেন যে, ই-ফাইলিং পদ্ধতি উপর একটি প্রশিক্ষণ ইতিমধ্যেই সম্পন্ন করা হয়েছে এবং আগামী মাসে আর একটি প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা চূড়ান্ত করা হয়েছে। তিনি আরও অবহিত করেন যে, বিএলআরআই ফিড মাস্টার মোবাইল এপ্লিকেশন অ্যাপস এর উপর একটি প্রশিক্ষণ মডিউল চূড়ান্ত করা হয়েছে, শিঘ্রই যা বাস্তবায়ন করা হবে। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহন করা হয়-

সিদ্ধান্ত সমূহঃ

০১. প্রশাসনিক ভবনে পরিদর্শকদের জন্য বিশ্রামাগার স্থাপনের নিমিত্তে সংশ্লিষ্ট শাখায় মহাপরিচালক মহোদয়ের মাধ্যমে পত্র প্রেরণ করা হবে।
০২. প্রকাশিত সকল প্রযুক্তি ও নির্দেশিকাসমূহ পর্যায়ক্রমে ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে প্রকাশ করার নিমিত্ত প্রযুক্তি ও নির্দেশিকাসমূহের ইলেক্ট্রনিক কপি চেয়ে প্রকাশনা কর্মকর্তাকে পত্র প্রেরণ করা হবে।
০৩. গরু হুটপুটকরণ প্রযুক্তির অ্যানিমেটেড ভিডিও ম্যানুয়াল তৈরীর নিমিত্ত স্ক্রিপ্ট প্রস্তুতের জন্য বিশেষজ্ঞ বিজ্ঞানীদের সমন্বয়ে একটি কমিটি করা হবে।

০৪. বিজ্ঞানীদের অনলাইনে গবেষণা প্রতিবেদন প্রণয়ন করার জন্য লোকাল এরিয়া নেটওয়ার্ক (ল্যান) বেইজড কাষ্টমাইজড এপ্লিকেশন তৈরি করার লক্ষ্যে বিষয়টির কিছু কারিগরী বিষয় নিয়ে মহাপরিচালক মহোদয়ের সঙ্গে আলোচনা করে কাজ শুরু করা হবে।

সার্বিক আলোচনা শেষে গৃহীত কর্মপরিকল্পনাসমূহ যথাসময়ে বাস্তবায়নের বিশেষ গুরুত্ব আরোপ করেন এবং উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২/৪/২০১৭
(ড. নাসরিন সুলতান)
ইনোভেশন অফিসার

অনুলিপিঃ

- ১। জনাব মোঃ লুৎফুল হক, সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ২। ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৩। ড. ছাদেক আহমেদ, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৪। ড. মোঃ আব্দুস সামাদ, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৬। অফিস নথি।